

**Power point presentation by:**

Lombadhar Kumar

SACT

Dept. of Philosophy

Saltora Netaji Centenary College

আজকের পাঠ:

সমাজ ও সম্প্রদায়

## সমাজ – ম্যাকাইভার ও পেজ Society : Maciver & Page

### সমাজ

যে প্রক্রিয়া বা ব্যবস্থার মাধ্যমে কিছু নির্দিষ্ট নিয়ম কানুন মেনে কয়েকটি নির্দিষ্ট লক্ষ্য অর্জনে মানুষ সংঘবদ্ধ বসবাস করে এক বা অধিক গোত্র বা সম্প্রদায় সৃষ্টি করে, সেই ব্যবস্থা বা প্রক্রিয়াকে সমাজ বলে।



## সমাজের বৈশিষ্ট্য

১. জন সমষ্টি : জন সমাগম বা মানুষের সমাবেশ হচ্ছে সমাজের মূল ও প্রধান উপাদান। একটি সমাজকে পরিপূর্ণতা দান করে সমাজের মানুষের জন সমষ্টি। জন সমষ্টি দ্বারাই মানব সম্প্রদায় গড়ে উঠে।
২. সংস্কৃতি : একটি সমাজের রীতি-নীতি বা নিয়ম-কানুন প্রত্যেক সমাজের নিজস্ব সংস্কৃতি দ্বারা তৈরি হয়ে থাকে। সংস্কৃতি সমাজের ধারা বংশানুক্রমিকভাবে বজায় রাখে। সম্প্রদায় বা গোত্র ঠিকে থাকে সংস্কৃতির মাধ্যমে।
৩. পণ্যের আদান-প্রদান : সমাজে বসবাসের ক্ষেত্রে মানুষের ভোগ বিলাস বা নিত্য দিনের প্রয়োজন মেটাতে অনেক ধরনের পণ্যের দরকার হয়। মানুষ একে অপরের সাথে পণ্যের আদান এবং প্রদানের মাধ্যমে নিজেদের প্রয়োজন মিটাতে পারে সহজেই। সমাজে পণ্যের আদান প্রদান হবে, এটি সমাজের অন্যতম বৈশিষ্ট্য।
৪. প্রতিষ্ঠান সমূহ : মসজিদ, মন্দির, সবধরনের উপাসনালয়, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ইত্যাদি হচ্ছে সামাজিক প্রতিষ্ঠান যা সমাজের মানুষদের মস্তিষ্কের উন্নয়ন সাধন এবং মনের আত্ম-তৃপ্তি প্রদান করে থাকে।

## সম্প্রদায় (Community)

সামাজিক মানুষ গোষ্ঠীবদ্ধ জীবন যাপন করে। একটি নির্দিষ্ট অঞ্চলে পারস্পরিক সাহায্য ও সহযোগিতার ভিত্তিতে বাস করার ফলে তাদের মধ্যে চিন্তা ভাবনা, ঐতিহ্য ও বিভিন্ন সামাজিক বিষয়াবলীতে একটি ঐক্যবোধ ও অভিন্নতাবোধ গড়ে ওঠে। ফলশ্রুতি স্বরূপ সেইসব ব্যক্তিদের মধ্যে একটি সংহতি লক্ষ্য করা যায়। এইরকম এক ঐক্যবদ্ধ সুসংহত সামাজিক জীবন যাপন করার ফলে ওই গোষ্ঠীবদ্ধ মানুষ যা গড়ে তোলে তাকেই সম্প্রদায় (community) আখ্যা দেওয়া যায়।



## সম্প্রদায়

## সম্প্রদায় ও সমাজ এর মধ্যে পার্থক্য

### সম্প্রদায়

- ১। সমাজের একটি অংশ বা অঙ্গ (Part); সমাজের একটি প্রজাতি বলা যায়।
- ২। এর জন্ম হয় সমাজের মধ্যে অনেক পরে। অর্থাৎ সমাজের পরবর্তী।
- ৩। এর গঠনে একটি নির্দিষ্ট অঞ্চল অবশ্য প্রয়োজনীয় বা আবশ্যিক।
- ৪। একটি সীমাবদ্ধ আকার বা আকৃতি (limited size) রয়েছে।
- ৫। সবক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ (self- sufficient) হয় না। অর্থাৎ স্বয়ংসম্পূর্ণ হওয়া এর আবশ্যিক বৈশিষ্ট্য নয়।

### সমাজ

- ১। একটি সমগ্র (Whole) বা সামগ্রিক বিষয়।
- ২। সম্প্রদায়ের অগ্রবর্তী বা পূর্ববর্তী (Prior)।
- ৩। একটি নির্দিষ্ট অঞ্চলে গড়ে ওঠে না। অর্থাৎ এটি সমাজ গঠনের আবশ্যিক উপাদান (essential element) নয়।
- ৪। এক বিশাল বা সর্বব্যাপী (all pervasive) বিষয়, কেননা কেবল মানুষকে নিয়ে নয়, প্রাণীদের মধ্যেও সমাজের অস্তিত্ব লক্ষ্য করা যেতে পারে।
- ৫। সব সময়ই স্বয়ংসম্পূর্ণ ও স্ব-নির্ভর।

**THANK YOU**